

মাননীয় প্রধানমন্ত্রী সামিটের ১৪৯ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করলেন

ফটো ক্যাপশন: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১৪৯ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন সামিটের এইস এ্যালায়েন্স পাওয়ার লিমিটেড বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন করেন। গাজীপুর জেলা প্রশাসকের দপ্তরে এসময় অন্যান্য অতিথিবৃন্দর মধ্যে উপস্থিত ছিলেন সামিট পাওয়ার লিমিটেডের উপদেষ্টা মো. মোস্তফা কামাল এবং সামিট গাজীপুরের হেড অফ প্রজেক্ট ইঞ্জি. আব্দুল হাকিম।

(গাজীপুর, ঢাকা) ০১ নভেম্বর ২০১৮, বৃহস্পতিবার: আজ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সামিটের ডুয়েল-ফুয়েল (এইচএফও/গ্যাস) জ্বালানি-ভিত্তিক ১৪৯ মেগাওয়াট ক্ষমতার এইস এ্যালায়েন্স পাওয়ার বিদ্যুৎ কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সামিট এইস এ্যালায়েন্স পাওয়ার লিমিটেড, সামিট কর্পোরেশন লিমিটেড (৩৬ শতাংশ) এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত সামিট পাওয়ার লিমিটেডের (৬৪ শতাংশ) একটি জয়েন্ট ভেঞ্চার কোম্পানী। সামিট এইস এ্যালায়েন্স পাওয়ার বাংলাদেশ সরকারের সাথে ১৫ বছর মেয়াদী বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) এবং বাস্তবায়ন চুক্তি (আইএ) সম্পন্ন করে এবং ১২ই জুলাই ২০১৮ সালে বাণিজ্যিক উৎপাদনে আসে। বিদ্যুৎ কেন্দ্রটি ১৩২ কেভিতে পিজিসিবি-এর কডডায় অবস্থিত গ্রীড সাবস্টেশনে বিদ্যুৎ সরবরাহ করছে। এইস এ্যালায়েন্স পাওয়ার লিমিটেড ঢাকা থেকে ৩০ কিমি দূরে গাজীপুর জেলার কডডায় অবস্থিত।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।
ভিজিট করুন: <https://summitpowerinternational.com/press-release>